

Class:- 10

Time:- 2 hours

Name of the student :

Subject:- Bengali

Total :- 50 Marks

Roll: Section:

ক-বিভাগ**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ।****১×৮=৮**

সমুদ্রে ভেসে ভেসে ক্রিস্টোফার কলম্বাসের তরী এসে ভিড়ল এক অজানা দ্বীপে। দলবল নিয়ে এখানেই নেমে পড়লেন তিনি। হাঁটু সমান লম্বা প্রেইরি ঘাস বাতাসে মাথা দুলিয়ে অভ্যর্থনা জানাল তাদের। রকি পর্বতমালার চূড়ায় বসে মুচকি হাসল সূর্য, আর বিস্তীর্ণ চারণভূমিতে ঘুরে বেড়ানো বুনো মোষের দল, মাথা তুলে একবার দেখে নিল এই আগন্তুক দলকে। মুন্ধ হলেন কলম্বাস। বিস্মিত হলেন। সবচেয়ে বেশি অবাক হলেন এই দ্বীপবাসীর আতিথেয়তায়। তিনি রানিকে লিখলেন এখানকার মানুষজন এতই সুবোধ ও শান্তিপ্রিয় যে, মহামান্য রাজপদে আমি শপথ করে বলতে পারি, সারা পৃথিবীতে এদের চেয়ে ভালো জাতি আর নেই। এই জাতি রেড ইন্ডিয়ান নামে পরিচিত। এই নাম শুনে মনে হতে পারে এরা বুরি লালচে বর্ণের মানুষ। কিন্তু আদৌ তা নয়। বরং এরা বাদামি টৈষৎ কৃষ্ণ বর্ণের। তবে এদের কেউ কেউ গায়ে লাল রং মাখত; বিশেষত যুদ্ধে যাওয়ার প্রাক্তালে সমরসজ্জার অংশ হিসেবে তারা মুখমন্ডলে ও গায়ে লাল রং ব্যবহার করত। সেই থেকে রেড ইন্ডিয়ান, রেড ম্যান কিংবা রেড স্কিন - অর্থাৎ লাল চামড়ার লোক বলে এরা পরিচিত হয়ে ওঠে। ইদানিং এদেরকে আমেরিকান ইন্ডিয়ান বলে অভিহিত করা হয়।

ক) হাঁটু সমান লম্বা কে তাদের বাতাসে মাথা দুলিয়ে অভ্যর্থনা জানাল ?

- i) প্রেইরি ঘাস ii) দুর্বা ঘাস iii) হে ঘাস iv) সাবাই ঘাস

খ) তিনি রানীকে কী লিখলেন ?

- i) সারা পৃথিবীতে এদের চেয়ে শক্তিশালী জাতি আর নেই।
ii) সারা পৃথিবীতে এদের চেয়ে ভালো জাতি আর নেই।
iii) সারা পৃথিবীতে এদের চেয়ে মন্দ জাতি আর নেই।
iv) সারা পৃথিবীতে এদের চেয়ে অলস জাতি আর নেই।

গ) এদের কেউ কেউ গায়ে লাল রং মাখত ----

- i) শিকারে যাওয়ার প্রাক্তালে। ii) ভ্রমণে যাওয়ার প্রাক্তালে।
iii) মৃতদেহ সৎকারের সময়। iv) যুদ্ধে যাওয়ার প্রাক্তালে।

ঘ) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বার করো যার পদান্তর 'জাতীয়'।

- i) জাতীয়তা ii) জাত iii) জন্ম iv) জাতি

২। ব্যাসবাক্য সহ রেখাচিহ্নিত পদের সমাস নির্ণয় করো। (যে কোনো দুটি)**১×২=২**ক) অতিরিক্ত দন্তের কারণে রমেশবাবু তার হিতাহিত জ্ঞান হারিয়ে ফেলেন।খ) সেই উপন্ধীপ-এ অগণিত মানুষের বাস।গ) উথলে উঠে দিলদরিয়া কোন্ সে চাঁদের টানে।**৩। সন্ধি বিচ্ছেদ করো এবং সন্ধিবদ্ধ পদটি লিখ। (যে কোনো তিনটি)****১×৩=৩**

নীরজ, কিঙ্কর, উদ্ধ+ চকিত, ষট্ট + যন্ত্র, নিরবধি, দৃঃ + অবস্থা

খ-বিভাগ

৪। পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ। (যে কোনো তিনটি)।

১×৩=৩

ক) "তপন বিহুল দৃষ্টিতে তাকায়।" কখন ?

- i) সকলে যখন তার গল্প পড়ে তাকে বাহু দেয় ।
- ii) ব্যতিক্রমী গল্প বলে ছেটোমেসো যখন প্রশংসা করেন ।
- iii) 'সন্ধ্যাতারা' পত্রিকায় যখন গল্পটি প্রকাশিত হয়।
- iv) মেজোকাকু যখন ব্যঙ্গ করেন।

খ) 'বহুরূপী' গল্পের বাসের ড্রাইভার এর নাম কী ?

- i) কাশীনাথ
- ii) বিশ্বনাথ
- iii) ভূতনাথ
- iv) হরিনাথ

গ) "আপনি গান বাজনা জানেন নাকি।" এর উত্তরে আলোবাবুর প্রতিক্রিয়া কী হয় ?

- i) তার সাথে গান গেয়ে ওঠেন ।
- ii) কুণ্ঠিত মুখে উঠে দাঁড়ান ।
- iii) অন্যদিকে মুখ ঘুরিয়ে চলে যান।
- iv) রেগে গিয়ে কথকের দিকে এগিয়ে যান।

ঘ) আলোবাবু ঘড়িটিকে কোথায় সংযোগে রেখে দিলেন?

- i) কাঠের বাক্সে
- ii) লোহার সিন্দুকে
- iii) কাঠের আলমারিতে
- iv) ভাঙা তোরঙ্গে

৫।

ক) হরিদার অভিনয় ক্ষমতা যে ভন্দ সন্ধ্যসীর চেয়ে অনেক বেশি এবং নিখুঁত তা প্রমাণ করো ?

২

অথবা,

খ) " মাসখানেক পরেই কিন্তু চাকরিটি গেল তাঁর।"- উদ্দিষ্ট ব্যক্তিটির চাকরি চলে যাওয়ার কারণ কী ?

৬।

ক) "কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল।" তপন কার সম্বন্ধে, কী কথা শুনেছিল ?

৩

অথবা,

খ) " সেই দিনই প্রথম দেখলাম তাঁকে।" তিনি কেন বন্ধুর কাছে এসেছিলেন ?

৭।

ক) " তপন যেন কোথায় হারিয়ে যায় এইসব কথার মধ্যে।" তপন বলতে কার কথা বলা হয়েছে ? উক্ত বিষয়টির উপর আলোকপাত করো ?

(২+৩)=৫

অথবা,

খ) "আমায় ওরা সইলো না কেউ / আমার কাছে রইলো না কেউ--।" বন্ধু কে ? বন্ধুর একান্ত মনোবেদনার কারণ কী গল্প অনুসারে লেখো ?

৮। প্রসঙ্গ ব্যাখ্যা কর।

৫

ক) " বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য়,
ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা কয়!"

অথবা,

খ) "গান দাঁড়াল ঝৰিবালক
মাথায় গোঁজা ময়ূরপালক।"

৯।

- ক) "অন্ধকারে তিনপাহাড়ে ট্রেনের থেকে নেমে,
হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে।"
প্রসঙ্গ উল্লেখ করে উক্ত বিষয়টির উপর আলোকপাত করো?

অথবা,

(২+৩)=৫

- খ) "আমি এখন হাজার হাতে পায়ে
এগিয়ে আসি, উঠে দাঁড়াই।"
'হাজার হাতে পায়ে' কথার অর্থ কী? কবি কী জন্য এগিয়ে আসতে চান ?

গ-বিভাগ

১০। সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ। (যে কোনো তিনটি)।

১×৩=৩

ক) পৃথিবীতে কে কাহার ? " কথাটি বলেছেন -----

- i) পোস্টমাস্টার ii) রতন iii) গ্রামের একজন বৃদ্ধা iv) একজন চাষি

খ) পোস্টমাস্টারের মনের অবস্থা বোঝাতে কোন উপন্যাসের উল্লেখ আছে?

- i) বাঘ ii) ভৌতিক উপন্যাসের
iii) রোমাঞ্চ উপন্যাসের iv) আরব্য উপন্যাসের

গ) প্রতিবছর রহমত কোনু সময়ে দেশে চলে যান?

- i) বৈশাখ মাসে ii) বসন্তকালে iii) শীতের প্রারম্ভে iv) মাঘ মাসের মাঝামাঝি

ঘ) কাবুলিওয়ালার জেল হলে মিনি প্রথমে বন্ধুত্ব করেছিল ?

- i) দারোয়ান রামদয়ালের সঙ্গে ii) ভোলার সঙ্গে
iii) নবী সহিসের সঙ্গে iv) রাম পিয়ারীর সঙ্গে

১১।

ক) " আমি আসিয়া মিনিকে তাহার আসন্ন বিপদ হইতে উদ্ধার করিয়া বাহিরে লইয়া গেলাম।" উক্ত উক্তিটির
বক্তা কে ? মিনির কোনু বিপদ থেকে বক্তা কীভাবে উদ্ধার করেছিলেন ?

(২+৩)=৫

১২।

ক) "এমন - কি, তাহার ক্ষুদ্র হৃদয়পটে বালিকা তাঁহাদের কান্নানিক মূর্তি ও চিত্রিত করিয়া লইয়াছিল।"
বালিকাটি কে ? কাদের সমন্বে সে কান্নানিক মূর্তি চিত্রিত করেছিল ? কীভাবে, কখন বালিকা এরূপ চিত্র
অঙ্কন করেছিল ?

(২+৩)=৫

১৩। নিম্নলিখিত যেকোনো একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো।

৫

- ক) ছাত্র জীবনে বইমেলার প্রয়োজনীয়তা ।
খ) শেষ রাতে হঠাৎ ভূমিকম্পের অভিজ্ঞতা ।
গ) তোমার প্রিয় মানুষ।